



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দৌলতখান, ভোলা।  
[doulatkhan.bhola.gov.bd](http://doulatkhan.bhola.gov.bd)



স্মারকনং- ০৫.১০.০৯২৯.০০০.৩৫.০০১.২১-৮৬

তারিখ : ১৯ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ  
০২ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

**“বাংলা ১৪২৯ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি”**

দৌলতখান উপজেলার ভৌগোলিক সীমারেখার মধ্যে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল নিম্নস্বাক্ষরকারীর অফিসসহ, উপজেলা ভূমি অফিস, সোনালী ব্যাংক লিঃ, দৌলতখান শাখা, অফিসার ইন চার্জ, দৌলতখান থানা ও জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের কার্যালয় হতে নির্ধারিত মূল্যে নিম্নে উল্লিখিত বিজ্ঞপ্তির সময়সূচী মোতাবেক অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থ এবং দরপত্রে উদ্বৃত্ত দরের অতিরিক্ত ৫% জামানত, ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (Vat) হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে, অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/উপজেলা ভূমি অফিস, দৌলতখান, ভোলা/জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এ রক্ষিত দরপত্র বাস্তবে নির্ধারিত তারিখ দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে দাখিল করা যাবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর কোন দরপত্র দাখিল করা যাবে না। দরপত্র বাস্তবে প্রাপ্ত দরপত্র সমূহ একই দিন বিকাল ০৩:০০ ঘটিকার সময় স্ব-স্ব অফিস প্রধানগণ কর্তৃক উপস্থিত দরপত্র দাতা বা তাদের প্রতিনিধিদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। উল্লেখ্য, হাট বাজারগুলোর বিপরীতে কাংক্ষিত দর/মূল্য পাওয়া না গেলে পুনঃ দরপত্র আহ্বান করা হবে। দরপত্রের বিস্তারিত শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা এর ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ/০৬ আশ্বিন ১৪১৮ বঙ্গাব্দ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারী হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত নীতিমালার আলোকে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	বাংলা ১৪২৯ সালের সরকারী ইজারা মূল্য	সিডিউল মূল্য
১	২	৩	৪	৫
০১	উত্তর জয়নগর	খাসের হাট	৫,০০,০০০/-	১,৮০০/-
০২	"	বাংলা বাজার (অংশ)	৯,৪০,০০০/-	২,৬০০/-
০৩	"	মুঙ্গীরহাট	৩,৫০০/-	৫০০/-
০৪	"	মিয়ার হাট(অংশ)	৬০,০০০/-	৫০০/-
০৫	দক্ষিণ জয়নগর	খায়ের হাট	২,৭০,০০০/-	১,২০০/-
০৬	"	নুরমিয়ার হাট(অংশ)	৭০,০০০/-	৫০০/-
০৭	"	বাংলা বাজার (অংশ)	৯৫,০০০/-	৫০০/-
০৮	সৈয়দপুর	নুর মিয়ার হাট(অংশ)	১,৭৫,০০০/-	১,০০০/-
০৯	"	মুজিব নগর বাজার(মিঝির হাট)	১৫,০০০/-	৫০০/-
১০	"	ঘোষের হাট	১,৪৫,০০০/-	১,০০০/-
১১	চরপাতা	কাজির হাট	১,৩০,০০০/-	১,০০০/-
১২	"	নৈমদ্রিহাট	১৭,০০০/-	৫০০/-
১৩	"	রাধাবল্লভ বাজার	৩,০০০/-	৫০০/-
১৪	চরখলিফা	মুধার হাট	১০,০০০/-	৫০০/-
১৫	"	দলিলউদ্দিন খায়ের হাট	১,২০,০০০/-	১,০০০/-
১৬	"	মিয়ারহাট(অংশ)	৯০,০০০/-	৫০০/-

পর্যায়ক্রমে ইজারা বিজ্ঞপ্তির সময়সূচী নিম্নরূপ :

বিজ্ঞপ্তি	সিডিউল বিক্রির তারিখ	দরপত্র দাখিল ও খোলার তারিখ	মন্তব্য
প্রথম বিজ্ঞপ্তি	০২ ফেব্রুয়ারি হতে ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. পর্যন্ত	২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.	১ম ডাকে যে সমস্ত হাট বাজারের কাজিত ইজারা মূল্য পাওয়া যাবে না ২য় ডাকে সে সমস্ত হাট বাজারের দরপত্র দাখিল করতে হবে। এভাবে পর্যায়ক্রমে চলমান থাকবে।
দ্বিতীয় বিজ্ঞপ্তি	২৫ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত	০৩ মার্চ ২০২২ খ্রি.	
তৃতীয় বিজ্ঞপ্তি	০৪ মার্চ হতে ০৯ মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত	১০ মার্চ ২০২২ খ্রি.	
চতুর্থ বিজ্ঞপ্তি	১১ মার্চ হতে ১৫ মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত	১৬ মার্চ ২০২২ খ্রি.	
পঞ্চম বিজ্ঞপ্তি	১৭ মার্চ হতে ৩০ মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত	৩১ মার্চ ২০২২ খ্রি.	

  
(মোহাম্মদ তারেক হাওলাদার)

উপজেলা নির্বাহী অফিসার

দৌলতখান, ভোলা।

☎ ০৪৯২৪-৫৬১০৯


E-mail: unodaulatkhan@mopa.gov.bd

স্মারকনং- ০৫.১০.০৯২৯.০০০.৩৫.০০১.২১-৮৬

তারিখ : ১৯ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ  
০২ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৩। জেলা প্রশাসক, ভোলা।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
- ০৫। মেয়র, দৌলতখান পৌরসভা, দৌলতখান, ভোলা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, প্রজেই-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....
- ০৮। সহকারী কমিশনার(ভূমি), দৌলতখান, ভোলা।
- ০৯। অফিসার ইনচার্জ, দৌলতখান থানা।
- ১০। উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, দৌলতখান, ভোলা।
- ১১। চেয়ারম্যান, .....(সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা।
- ১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, দৌলতখান শাখা।
- ১৩। উপজেলা..... অফিসার, দৌলতখান, ভোলা।
- ১৪। সাব-রেজিস্টার, বাংলা বাজার, দৌলতখান, ভোলা।
- ১৫। সম্পাদক, .....। তাঁকে উক্ত হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি পরবর্তী সংখ্যায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) বার প্রকাশ করে ০২ কপি পত্রিকাসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .....ইউনিয়ন, দৌলতখান, ভোলা। তাকে ইউনিয়নে অবস্থিত হাট-বাজারের হাটের দিনে উল্লিখিত ইজারা বিজ্ঞপ্তি মাইকিং ও ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে উহার সমর্থনের কাগজ এ অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ১৭। জনাব.....সচিব,.....ইউনিয়ন পরিষদ, দৌলতখান। তাকে ইউনিয়নে অবস্থিত হাট-বাজারের হাটের দিনে উল্লিখিত ইজারা বিজ্ঞপ্তি মাইকিং ও ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১৮। জনাব .....পূর্ববর্তী বছরের ইজারাদার.....হাট/বাজার।
- ১৯। সভাপতি/সম্পাদক, ..... হাট-বাজার ব্যবস্থাপনা/ব্যবসায়ী কমিটি, দৌলতখান, ভোলা। হাটের দিনে উল্লিখিত ইজারা বিজ্ঞপ্তি ঢোল শহরত ও মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচার করা জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ২০। অফিস কপি/নোটিশ বোর্ড।



উপজেলা নির্বাহী অফিসার

দৌলতখান, ভোলা।